অপ্রতিরোধ্য
অগ্রযাত্রায়
বাংলাদেশ

মুজিব শতবর্ষ MUJIB 100

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২০ উদযাপন সংক্রান্ত গঠিত কমিটির বাস্তবায়ন প্রতিবেদন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

জাতীয় শিশু দিবস সংক্রান্ত কমিটি

সাকিউন নাহার বেগম এনডিসি
অতিরিক্ত সচিব
আহবায়ক

শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব
সদস্য

বেগম দিল আফরোজা বেগম
উপসচিব
সদস্য- সচিব

মহিদুর রহমান
উপসচিব
সদস্য

শাকেরা আহমেদ
সিনিয়র সহকারী প্রধাণ
সদস্য

ডাঃ সৈয়দ আবুল এহসান
যুগ্ম মহাপরিদর্শক
সদস্য

মোঃ মতিউর রহমান
উপ মহাপরিদর্শক
সদস্য

এস এম মিকাইল ইসলাম
সহকারী প্রধাণ
সদস্য

এ এস এম মেহরাব হোসেন
সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সদস্য

মোঃ শহিদুল ইসলাম
হিসাব রক্ষণ কর্মকর্তা
সদস্য

ভূমিকা

হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত সময়কে 'মুজিববর্ষ' ঘোষণা করেছে। মুজিববর্ষ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। কর্মপরিকল্পনার আলোকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থা সম্মিলিত ভাবে ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদা এবং আড়ম্বরে পালনের জন্য অতিরিক্ত সচিব প্রশাসন-এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। কমিটি ১৭ মার্চ ২০২০ দিবসটি জাতির পিতার একশত তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদা ও আড়ম্বরে উদযাপনের জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানসমূহ নিম্নরূপ:

০১। বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুস্পস্তবক অর্পণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ১৭/০৩/২০২০ তারিখ বিকেল ৫.০০ টায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর/ সংস্থার প্রধানগণ ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুস্পস্তবক অর্পণ করেন।

ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুস্পস্তবক অর্পণ

ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুস্পস্তবক অর্পণ

০২। নান্দনিক ড্রপডাউন ব্যানার স্থাপন

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী-২০২০ উপলক্ষ্যে মন্ত্রণালয়, অধিদপ্তর ও সংস্থার ভবনসমূহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, শ্রমিকদের নিয়ে বঙ্গবন্ধুর বিখ্যাত উক্তি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয়।

ড্রপডাউন ব্যানার স্থাপন

০৩। আলোকসজ্জা ও আতশবাজি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ১৭/০৩/২০২০ তারিখে মন্ত্রণালয় এবং অধিদপ্তর সমূহ সম্মিলিত ভাবে শ্রম ভবন, ১৯৬, সৈয়দ নজরুল ইসলাম সরনীতে আলোকসজ্জা, আতশবাজি, একটি মনোরম পরিবেশে কেক কাটা এবং দোয়া মাহফিল- এর আয়োজন করা হয়।

১৭/০৩/২০২০ তারিখ রাত ০৮.০০ ঘটিকায় শ্রমভবনের টপ ফ্লোরে মাননীয় প্রতিমন্ত্রী, সচিব মহোদয়সহ সকল কর্মকর্তার উপস্থিতিতে আতশবাজির আয়োজন করা হয়।

১৭/০৩/২০২০ তারিখে জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আতশবাজি উপভোগ করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এবং সচিব জনাব কে এম আলী আজম

১৭/০৩/২০২০ তারিখে জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আতশবাজি

০৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে কেক কাটা, দোয়া ও মোনাজাতঃ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৭/০৩/২০২০ তারিখ রাত ০৮.৩০ ঘটিকায় শ্রম ভবনে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান এবং মনোরম পরিবেশে শততম জন্মবার্ষিকীতে একটি সুন্দর কেক কাটা হয়। এরপর দোয়া ও মোনাজাত এর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান, এমপি। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড এর প্রধানসহ অধিদপ্তর ও সংস্থার কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। দোয়া ও মোনাজাত অনুষ্ঠানে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর জীবন ও আদর্শ নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়।

জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে কেক কাটা

জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে কেক কাটা

মাননীয় প্রতিমন্ত্রী বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন এবং স্বাধীনতা যুদ্ধের উপর বক্তব্য প্রদান করেন। সরকারী কর্মচারীদের বঙ্গবন্ধুর জীবন থেকে অভিজ্ঞতা নিয়ে স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে মনোনিবেশ করতে হবে মর্মে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব কে এম আলী আজম বক্তব্য প্রদান করেন।

০৫। উন্নত মানের খাবার পরিবেশন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১৭/০৩/২০২০ তারিখে মিরপুর, সরকারি শিশু পরিবার এবং তেজগাঁও, সরকারি শিশু পরিবারে এতিম ও দুস্থ শিশুদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

এতিম ও দুস্থ শিশুদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন

এতিম ও দুস্থ শিশুদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন

০৬। শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

‘মুজিব বর্ষে’ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একশততম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর ও দপ্তরসমূহ সম্মিলিতভাবে উদযাপন করায় অনুষ্ঠান সমূহের মান অত্যন্ত উন্নত হয়েছে এবং কর্মকর্তা-কর্মচারীগণের স্বত:ফূর্ত অংশগ্রহণ ছিল। তবে কোভিড-১৯ এর কারণে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজনটি স্থগিত রাখা হয়। মুজিব বর্ষের শেষ পর্বে জাতির পিতার জন্মবার্ষিকীতে কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতাটি আগামী ১৭/০৩/২০২১ সালে আয়োজনসহ অন্যান্য কর্মসূচী পালন করা হবে।

(সাকিউন নাহার বেগম এনডিসি)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

আহবায়ক

জাতীয় শিশু দিবস উদযাপন সংক্রান্ত কমিটি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়